গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা
www.udd.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.২৩.০০৩.১৭.১৮৯৩

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **বিশ্ব বসতি দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ‘বিভাগীয় ও জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**
সূত্র: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.০১৫.৯৯.০১৮.১৫.৩৫২, তারিখ: ০৫/০৯/২০২৩ খ্রি.

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,বিশ্ব বসতি দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ‘বিভাগীয় ও জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন সংক্রান্ত সভা গত ৩১ আগস্ট ২০২৩ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরনী সূত্রস্থ পত্রের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরনীর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।
সংযুক্তি: সভার কার্যবিবরনী।

১১-০৯-২০২৩
মোক্তার আলম
প্রশাসনিক কর্মকর্তা
২২৩৩৮৪৯২৪
prosasonudd@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট;
২। সিনিয়র প্ল্যানার , সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা;
৩। সিনিয়র প্ল্যানার , সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল;
৪। সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী এবং
৫। প্ল্যানার , সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার।

**স্মারক নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.২৩.০০৩.১৭.১৮৯৩/১ (৫)

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর;
৩। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
৪। সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
৫। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



১১-০৯-২০২৩
মোক্তার আলম
প্রশাসনিক কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) বসতি দিবস জেলা-উপজেলায় উদযাপন সভার কার্যবিবরনী

উপ-পরিচালক (প্ল্যানিং/রিসার্চ)
প্রকল্প পরিচালক (নয়টি উপজেলা)
প্রকল্প পরিচালক (পায়রা-কুয়াকাটা)
প্রকল্প পরিচালক (কুষ্টিয়া)
সিনিয়র জিওগ্রাফার (রিসার্চ)
সিনিয়র প্ল্যানার (টাঃ প্ল্যাঃ)/(রিঃ প্ল্যা)
সিনিয়র প্ল্যানার (থাঃ সেঃ প্ল্যাঃ-১)/(থাঃ সেঃ প্ল্যাঃ-২)
সিনিয়র প্ল্যানার (গ্রোঃ সেঃ প্ল্যাঃ সেঃ)/(আঃ প্ল্যাঃ)
সহকারী প্রকৌশলী (সার্ভে)/স্টোর
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০১৮.১৫. ৩৫২

তারিখ: ২১ ভাদ্র ১৪৩০ / ০৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: বিশ্ব বসতি দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে 'বিভাগীয় ও জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন সংক্রান্ত উপকমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: মোতাহার হোসেন, আইন উপদেষ্টা (যুগ্মসচিব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা। |
| সভার তারিখ | : | ৩১ আগস্ট ২০২৩ খ্রি: |
| সময় | : | বেলা ১১:৩০ ঘটিকা |
| স্থান | : | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২০৪, ভবন নং-৫) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভায় উল্লেখ করেন যে, ১৯৮৬ সাল থেকে বাংলাদেশসহ বিশ্বের প্রতিটি দেশে অক্টোবর মাসের প্রথম সোমবার 'বিশ্ব বসতি দিবস পালিত হয়ে আসছে। এ বছর ২ রা অক্টোবর ২০২৩ তারিখ সোমবার যথাযযোগ্য মর্যাদায় বিশ্ব বসতি দিবস পালন করা হবে। বিশ্ব বসতি দিবস ২০২৩ এর প্রতিপাদ্য বিষয় 'Resilient urban economics, Cities as drivers of growth and recovery' অর্থাৎ 'স্থিতিশীল নগর অর্থনীতির প্রবৃদ্ধি ও পুনরুদ্ধারে টেকসই নগরসমূহই চালিকাশক্তি'।

সভাপতি বলেন, দিবসটি যথাযথভাবে উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন সভা, সেমিনার, সিম্পোজিয়ামের মাধ্যমে গণসচেতনামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। সভাপতি আরো উল্লেখ করেন, বিশ্ব বসতি দিবসটি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিজস্ব অনুষ্ঠান। এ মন্ত্রণালয়ের আওতাভূক্ত সকল দপ্তর/সংস্থাকে প্রতিটি বিভাগীয়/ জেলা পর্যায়ে দিবসটি পালনের জন্য অগ্রণী ভুমিকা পালন করতে হবে। বিভাগীয় কমিশনার, জনপ্রতিনিধি, জেলা প্রশাসক, গণপূর্ত বিভাগ, উন্নয়ন কর্তৃপক্ষ সবার সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় ও জাঁকজমকপূর্ণভাবে দিবসটি পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

বিশ্ব বসতি দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে গত ২৩ আগস্ট ২০২৩ তারিখে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ৫.৭ উপানুচ্ছেদে গঠিত 'বিভাগীয় ও জেলা পর্যায়ে দিবসটি উদযাপন সংক্রান্ত উপকমিটি'র কার্যপরিধি নিম্নে উল্লেখ করা হলো:

| ক্রম | বিষয় |
|---|---|
| ১. | বিভাগীয় ও জেলা পর্যায়ে দিবসটি উদযাপনের বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান। |
| ২. | উন্নয়ন কর্তৃপক্ষসমূহকে বিভাগীয় কমিশনারের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য নির্দেশনা প্রদান। |
| ৩. | কমিটি বিশ্ব বসতি দিবস এর উদ্বোধনী অনুষ্ঠান এবং উদ্বোধনী অনুষ্ঠানের আপ্যায়নের সার্বিক সমন্বয়করণ |
| ৪. | সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ডিও পত্র প্রস্তুত |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | বিভাগীয় ও জেলা পর্যায়ে দিবসটি উদযাপনের বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান। | (ক) ঢাকা শহরের বাহিরে বিভাগীয় পর্যায়ে যেসকল বিভাগে উন্নয়ন কর্তৃপক্ষ রয়েছে সেই সকল বিভাগে উন্নয়ন কর্তৃপক্ষসমূহ বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, গণপূর্ত অধিদপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় বিশ্ব বসতি দিবস-২০২৩ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (ক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ। |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | (খ) কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এবং গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও গণপূর্ত অধিদপ্তরের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় বিশ্ব বসতি দিবস ২০২৩ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(গ) যেসকল বিভাগীয় পর্যায়ে উন্নয়ন কর্তৃপক্ষ নেই সেই সকল বিভাগে গণপূর্ত অধিদপ্তর বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় বিশ্ব বসতি দিবস ২০২৩ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>(ঘ) জেলা পর্যায়ে গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী জেলা প্রশাসন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ও নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় বিশ্ব বসতি দিবস ২০২৩ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (খ) কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ ও গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।<br><br>(গ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (সকল বিভাগ)<br><br>(ঘ) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (সকল জেলা) |
| ২. | বিশ্ব বসতি দিবস-২০২৩ উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজন | (ক) বিভাগীয় ও জেলা পর্যায়ে র‍্যালি ও প্রতিপাদ্য বিষয়ের উপর আলোচনা সভার আয়োজন করতে হবে।<br>(খ) র‍্যালি ও আলোচনা সভায় স্থানীয় রিহ্যাব প্রতিনিধি/ ডেভেলপার কোম্পানীর প্রতিনিধি/ ইঞ্জিনিয়ার্স বা স্থাপত্য ইন্সটিটিউট এর প্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>(গ) বিশ্ব বসতি দিবস ২০২৩ উদযাপনের জন্য শহরের প্রধান প্রধান স্থানে ফেস্টুন, ব্যানার টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল উন্নয়ন কর্তৃপক্ষ ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (সকল জেলা) |
| ৩. | ডিও পত্র প্রস্তুত | (ক) আগামী ২রা অক্টোবর ২০২৩ তারিখ বিশ্ব বসতি দিবস ২০২৩ বিভাগীয় ও জেলা পর্যায়ে উদযাপনের লক্ষ্যে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে সচিব মহোদয় স্বাক্ষরিত আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে। | আহ্বায়ক/ সদস্য-সচিব |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৯.২০২৩

(মো: মোতাহার হোসেন)
আইন উপদেষ্টা (যুগ্মসচিব)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
বিভাগীয় ও জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস-২০২৩
উদযাপন সংক্রান্ত উপকমিটি

নম্বর: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০১৮.১৫.৩৫২

তারিখ: ২১ ভাদ্র ১৪৩০
০৫ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার, .............................

২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা [অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল গণপূর্ত বিভাগীয় কার্যালয়) এবং নির্বাহী প্রকৌশলী (সকল জেলা)-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ]।

৩. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৫. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৬. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৯. জেলা প্রশাসক, ........................................

১০. জনাব মো: মোস্তাফিজুর রহমান, সচিব (উপসচিব), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।

১১. সিনিয়র সহকারী সচিব, অডিট শাখা-১২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২. জনাব মো: মাহমুদ হোসেন, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

অনলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. আইন উপদেষ্টা (যুগ্মসচিব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (আইন উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩. অতিরিক্ত সচিব (প্রশাসন-১ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)।

০৫.০৯.২৩

(সাহেলা আক্তার)
উপসচিব (প্রশা: অধিশাখা-১৩)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব
বিভাগীয় ও জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস ২০২৩
উদযাপন সংক্রান্ত উপকমিটি